Number of printed pages: 6 (six) **DCBL-2021-203**

# 2021

## Diploma Course in Bengali Language (DCBL)

## Second Semester : 3rd paper

Important Components of Bengali Learning: Reading, Writing & Creative Exercises

Full Marks: 75 Time: 3 hours

# ২০২১

## বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

## দ্বিতীয় ষাণ্মাসিক : ৩য় পত্র

বাংলা পাঠের গুরুত্বপূর্ণ স্তর লিখন, পঠন এবং সৃজন

পূর্ণমান: ৭৫ সময়: ৩ ঘণ্টা

১। সঠিক উত্তরটি যথাস্থানে লিখুন (যে কোন চারটি) : - ১ x ৪ = ৪

ক) বাংলা বর্ণমালায় ____ (৪০/৫২/১১)টি বর্ণ।

খ) পণ্ডিতদের অনুমান বাংলা অক্ষরের আত্মপ্রকাশ ____ (দশম/দ্বাদশ/ত্রয়োদশ) শতক থেকে।

গ) ক এবং য মিলে হয় ____ (ক্ষ/ক্ষ/ক্ষ্ম)।

ঘ) বাংলা হল ____ (ব্রাহ্মী/খরোষ্টি) লিপি।

ঙ) লিপি হল লেখায় ____ (ধ্বনি/বর্ণ) গুলির প্রয়োগ পদ্ধতি।

চ) পৃথিবীতে ভাষার সংখ্যা আনুমানিক ____ (আড়াই/তিন হাজার) মতো।

২) অতি সংক্ষিপ্ত উত্তর লিখ (যে কোন তিনটি) : - ১ x ৩ = ৩

ক) বাংলা বর্ণমালা কোন বর্ণমালার আদলে গড়ে উঠেছে?

খ) ডানদিক থেকে বামদিকে লেখা হয় কোন লিপি?

গ) অমিতাভ দেবচৌধুরী তাঁর ‘হারে রে রে’ তে কোন বর্ণ সম্বন্ধে লিখেছেন— ‘যা থেকেও নেই’?

ঘ) কবিগুরু রচিত প্রাথমিক শিক্ষার বইটির নাম লিখুন।

ঙ) ব্যঞ্জনবর্ণের মধ্যে বর্গীয় ‘ব’ এর একটি উদাহরণ লিখুন।

অপর পৃষ্ঠায় দেখুন

৩। যে কোনও একটি প্রশ্নের উত্তর লিখুন : - ৩ x ১ = ৩

ক) স্বচ্ছ বানান বলতে কী বোঝায়? উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।

খ) একটি আদর্শ প্রাইমারের কী কী চরিত্রলক্ষণ থাকা প্রয়োজন?

গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বাংলা বর্ণমালায় কী কী সংস্কার করেছেন?

ঘ) ‘প্রাইমার’ বলতে কী বোঝায়? যে কোনও পাঠ্যবইকে প্রাইমার বলা যাবে কি?

৪) সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোন দু’টি) : - ২ x ২ = ৪

ক) ‘চরিত অভিধান’ বলতে কী বোঝায়? একটি উদাহরণ লিখুন।

খ) এ. টি. দেব প্রণীত জনপ্রিয় অভিধানটি কোথা থেকে প্রকাশিত হয়েছে?

গ) ‘অভিধান’ এর অর্থ কী?

ঘ) উইলিয়াম কেরি প্রণীত অভিধানটির বিশেষত্ব কী?

৫) উত্তরটি যথাস্থানে লিখুন (যে কোন পাঁচটি) : - ১ x ৫ = ৫

ক) রাজশেখর বসু রচিত অভিধান গ্রন্থটির নাম ____।

খ) অভিধান একটি জাতীয় জীবনের ____।

গ) মহম্মদ বিন তুঘলক নামে ‘বিন’ শব্দের অর্থ ____।

ঘ) কালিদাসের ____ কাব্যে শেফালি ফুলের উল্লেখ আছে।

ঙ) ইংরেজি ‘অ্যাডমিরাল’ শব্দটি এসেছে আরবি মূলের ____ থেকে।

চ) অভিধান শুধুমাত্র ____ নয়।

৬) উত্তর দিন (যে কোন দু’টি) : - ৩ x ২ = ৬

ক) টীকা লিখুন :- ‘বঙ্গীয় শব্দকোষ’

খ) অভিধান থেকে ‘সুফি’ শব্দটি সম্বন্ধে কী কী জানা যায়?

গ) ‘Assassination’ শব্দটির উৎস সম্বন্ধে লিখুন।

৭) অতি সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোন পাঁচটি) : - ১ x ৫ = ৫

ক) সৈয়দ মুজতবা আলীর লেখা পাঠশাস্ত্র বিষয়ের নিবন্ধটির নাম কী?

খ) পাঠশাস্ত্র বিষয়ে রচিত ইংরেজ দার্শনিক ফ্রান্সিস বেকনের প্রবন্ধটির নাম কী?

গ) ফ্রান্সিস বেকন তাঁর পাঠশাস্ত্র বিষয়ক প্রবন্ধে অস্থিরচিত্ত ব্যক্তিদের কোন বিষয় অধ্যয়ন করতে বলেছেন?

ঘ) 'Basic Books' বলতে কী বোঝায়?

ঙ) নীরব পাঠ পদ্ধতিতে মিনিটে কয়টি শব্দ পড়া যায়?

চ) পাঠ পদ্ধতিতে 'চোখ বাড়াবার পন্থা' সম্বন্ধে কে মন্তব্য করেছেন?

ছ) 'বাইবেল'-এর আক্ষরিক অর্থ কী?

৮) যে কোন দু'টি প্রশ্নের উত্তর দিন : - ৩ x ২ = ৬

ক) পঠন পাঠনে 'রিডিং' এবং 'স্কিমিং' এর পার্থক্য কী?

খ) পঠন শৈলীতে 'মনে মনে পাঠ' বলতে কী বোঝায়?

গ) 'সরব পাঠ' এবং 'চোখে প'ড়া' পঠনের মধ্যে পার্থক্য কী?

ঘ) আমরা কেন পড়ব?

৯) সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোন দু'টি)২×২=৪

ক) বার্ট্রান্ড রাসেল 'সংসারের জ্বালা যন্ত্রণা এড়াবার' উপায় সম্বন্ধে কী বলেছিলেন?

খ) তথ্য-সন্ধানী পাঠক কোনও বৃহৎ আকারের গবেষণা গ্রন্থ থেকে তাঁর প্রয়োজনীয় তথ্যটি কীভাবে বের করে নিতে পারেন?

গ) বিচক্ষণ মানুষের বইয়ের প্রতি কী ধ্যানের মানসিকতা দেখা যায়?

ঘ) 'পাদটীকা' (footnotes) বলতে কী বোঝায়?

ঙ) হিন্দুধর্মে পুস্তক সম্বন্ধে কী বলা হয়েছে?

১০) সঠিক উত্তরটি লিখুন (যে কোন পাঁচটি) : - ১ x ৫ = ৫

ক) প্রবন্ধ, নিবন্ধ, বিষয়ভিত্তিক তথ্য, তাত্ত্বিক লেখা হল ____ রচনা।

(সৃজনশীল/মননশীল)

খ) সৃজনশীল রচনার ভাষা হবে ____।

(আন্তরিক/পোশাকি/ঘরোয়া)

গ) জনপ্রিয় পত্রিকায় লিখতে হলে লিখতে হবে ____ ভাষাতেই।
(অ্যাকাডেমিক/পপুলিস্ট)

ঘ) রেডিও-টিভি-সিনেমার স্ক্রিপ্ট রচনা ____ ।
(সৃজনশীল/মননশীল/জীবিকা ভিত্তিক)

ঙ) প্রত্যেক লেখকই একজন মনোযোগী ____।
(দর্শক/পাঠক/শ্রোতা)

চ) ‘নির্ঝরের স্বপ্নভঙ্গ’ কবিতাটি লিখেছেন ____ ।
(রবীন্দ্রনাথ ঠাকুর/জীবনানন্দ দাশ/কাজী নজরুল ইসলাম)

ছ) সংবাদপত্র সম্পাদনার একটি গুরুত্বপূর্ণ কাজ হল ____।
(প্রুফ দেখা/বই ছাপা)

১১) দু’টি প্রশ্নের উত্তর লিখুন : - ২ x ৩ = ৬

ক) সৃজনশীল ও মননশীল রচনার মধ্যে পার্থক্য কী? উদাহরণ সহ বুঝিয়ে লিখুন।

খ) কোনও রচনা শুরু করার আগে কোন কোন প্রাথমিক কাজটি লেখকের করে নেওয়া প্রয়োজন?

গ) লিখন কর্মের তিনটি স্তর কী কী?

ঘ) টীকা লিখুন : - ‘টার্গেট রিডার’।

১২) যে কোন দু’টি প্রশ্নের উত্তর দিন : - ২ x ২ = ৪

ক) লিখন কর্মটি কি একান্তই সাহিত্যিকের বিষয়?

খ) পাণ্ডিত্যের সঙ্গে লিখনকর্মের কি কোনও সম্পর্ক আছে?

গ) লিখন ক্ষমতা কি জন্মসূত্রে প্রাপ্ত না অর্জিত ক্ষমতা?

১৩) টীকা লিখুন : - ৩

রেডিও কথিকা

*অথবা*

টাইটেল মিউজিক (সিনেমা বা রেডিও নাটকে)

১৪) সংক্ষিপ্ত উত্তর লিখুন (যে কোন তিনটি) : - ২ x ৩ = ৬

ক) রেডিও অনুষ্ঠানের মুখ্য উপাদানগুলি কী কী?

খ) শ্রুতি মাধ্যম এবং লিখিত (মুদ্রণ) মাধ্যমের মধ্যে পার্থক্য কী?

গ) পঞ্চাশ-ষাট দশকের রেডিও বিজ্ঞাপনের একটি উদাহরণ লিখুন।

ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত "কুন্তলীন" তেলের বিজ্ঞাপনের ছড়াটি কী ছিল?

ঙ) রেডিওতে কোনো কারাগারের বন্দীদের জীবন নিয়ে তৈরি ফিচারের টাইটেল মিউজিক কী ধরনের হতে পারে?

১৫) যে কোন দু'টি প্রশ্নের উত্তর দিন : - ২ x ২ = ৪

ক) বিজ্ঞাপনের কাজ কী?

খ) বৈদ্যুতিন মাধ্যম হিসেবে রেডিও ও টিভি এক হলেও, এদের মধ্যে পার্থক্য আছে বিস্তর-পার্থক্যগুলি কী?

গ) রেডিও অনুষ্ঠানে সাউন্ড এফেক্ট কত ধরনের এবং কী কী?

১৬) যে কোন একটি প্রশ্নের উত্তর দিন : - ১ x ৩ = ৩

ক) বিজ্ঞাপন কি কেবল উৎপাদিত দ্রব্য ফেরি করা, না কি অন্য কিছু?

খ) বিজ্ঞাপন কি একটি সৃজনশীল কর্ম? সাহিত্য সংগীত চিত্রকলায় কীভাবে বিজ্ঞাপনের অনুপ্রবেশ ঘটেছে?

১৭) **প্রুফ রিডিং :** (কমা, উদ্ধৃতি চিহ্ন দেওয়া, বানান শুদ্ধ করা ইত্যাদি)।
নীচের (৬নং পৃষ্ঠায় দেখুন) অনুচ্ছেদটির প্রয়োজনীয় সম্পাদনা করুন : - ৪

 অপর পৃষ্ঠায় দেখুন

২০২১

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**দ্বিতীয় ষাণ্মাসিক : ৩য় পত্র**

বাংলা পাঠের গুরুত্বপূর্ণ স্তর লিখন, পঠন এবং সৃজন

**রোল নং :** | | | | |

## প্রুফ রিডিং

এই অংশটিতে লাল/কালো/নীল কালিতে সংশোধন করে উত্তরপত্রের সঙ্গে জুড়ে দেবেন।

ভারতবর্ষের একটা সার্বজনীন পরিচ্ছদ কি হইতে পারে এই সভায় জ্যোতিদাদা তার নানাপ্রকারের নমুনা উপস্থিত করিতে আরম্ভ করিলেন ধুতিটা কর্মক্ষেত্রের উপযোগি নহে অথচ পায়জামাটা বিজাতীয় এইজন্য তিনি এমন একটা আপস করিবার চেষ্টা করিলেন যেটাতে ধুতিও ক্ষুণ্ণ গুইল পায়জামাও প্রসন্ন হল না অর্থাৎ পায়জামার উপর একখণ্ড কাপর পাট করিয়া একটা সতন্ত্র কৃত্রিম মালকোঁচা জুরিয়া দিলেন, শোলার টুপির সঙ্গে পাগরির মিশাল করিয়া এমন একটা পদার্থ তৈরি হইল যেটাকে অত্যন্ত উৎমাহি লোকেও শিরবৃষণ বলিয়া গণ্য করিতে পারে না।

- শেষ পৃষ্ঠা –